14

তারিখ 03 DEC 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক
ইনকিলাব

# প্রশ্নপত্রে আল্লাহর অবমাননার জন্য তীব্র নিন্দা ও প্রতিবাদ

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহের মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়ের একটি প্রশ্নপত্রে শেখ মুজিবকে বাংলাদেশের সৃষ্টিকর্তা গণ্য করে আল্লাহ, রাসূল ও ফেরেশতার সাথে তুলনায় যে ধৃষ্টতা প্রদর্শন করেছে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ করে বহু সংগঠন গতকাল পৃথক পৃথক সভা-সমাবেশ করেছে এবং বিবৃতি দিয়েছে।

সভা-সমাবেশ ও বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, আল্লাহ ও রাসূলের সাথে ব্যক্তির তুলনা শিরক-এর শামিল। তারা বলেন, শেখ

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## তীব্র নিন্দা

প্রথম পৃষ্ঠার পর

মুজিবকে খোদা বানিয়ে দেশে আওয়ামী প্রভুত্ব কায়েমের ষড়যন্ত্র চলছে।

ময়মনসিংহ মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়ের ধর্ম বিষয়ের প্রশ্নপত্রে ("বাংলাদেশের স্রষ্টা কে? আল্লাহ, রাসূল, ফেরেস্তা, বঙ্গবন্ধু") আল্লাহকে সৃষ্টির সাথে তুলনা করার চরম ধৃষ্টতা প্রদর্শনের জন্য তীব্র ক্ষোভ ও প্রতিবাদ জানিয়ে এবং জড়িত ব্যক্তিদের ফাঁসির দাবীতে গতকাল রাজধানী ঢাকায় ইসলামী মোর্চা বাংলাদেশ এক বিক্ষোভ মিছিল বের করে। ইসলামী মোর্চার মহাসচিব মুফতী ফজলুল হক আমিনীর নেতৃত্বে মিছিলটি লালবাগ থেকে শুরু হয়ে উর্দু রোড, চকবাজার, বকশীবাজার, চানখানপুল, বঙ্গবাজার, গোলাপশাহ মাজার, গুলিস্তান, তোপখানা রোড, প্রেস ক্লাব, পুরানা পল্টন, বায়তুল মোকাররম, বঙ্গবন্ধু এভিনিউ, মতিঝিল, দিলকুশা, শাপলা চত্বর হয়ে টিকাটুলী মোড়ে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে সমাপ্ত হয়। সভায় সভাপতিত্ব করেন মুফতী ফজলুল হক আমিনী। সভাপতির ভাষণে মুফতী আমিনী বলেন, প্রশ্নপত্রে আল্লাহকে মানুষের সাথে তুলনা করে যে চরম ধৃষ্টতা প্রদর্শন করা হয়েছে এরপর আর তাওহীদী জনতা, আলেম-উলামা ও পীর মাশায়েখদের চুপ করে বসে থাকার সুযোগ নেই। এই মুহূর্তে সকলকে ঐক্যবদ্ধভাবে জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়তে হবে। অন্যথায় এদেশের মুসলমানদের উপর আল্লাহ তায়ালার গজব অনিবার্য। মুফতী আমিনী মুকুল নিকেতনের প্রধান শিক্ষক আধ্যাপক আমিরুল ইসলাম রতনসহ এর সাথে জড়িত সকল নাস্তিক মুরতাদদের অনতিবিলম্ব গ্রেফতার করে ফাঁসি দাবী জানিয়ে বলেন, অন্যথায় তসলিমা নাসরীনের ন্যায় চিহ্নিত এ সকল নাস্তিক মুরতাদদের বিরুদ্ধে দেশব্যাপী দুর্বার গণআন্দোলন গড়ে তোলা হবে। তিনি বিশেষতঃ বৃহত্তর ময়মনসিংহের আলেম-উলামা ও সর্বস্তরের তাওহীদী জনতাকে এর বিরুদ্ধে জানবাজি রেখে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার আহবান জানান।

### দৈনিক ইনকিলাব সংবাদদাতার প্রাণনাশের হুমকি

গতকাল দৈনিক ইনকিলাবে "বাংলাদেশের স্রষ্টা কে? আল্লাহ, রাসূল, ফেরেশতা, বঙ্গবন্ধু" শিরোনামে বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের জন্য বিভিন্ন মহল থেকে অভিনন্দন জানিয়ে উক্ত ন্যাক্কারজনক কাজের জন্য সংশ্লিষ্টদের প্রতি তীব্র ঘৃণা ও নিন্দা জানানো হয়েছে।

পক্ষান্তরে একটি বিশেষ মহল উক্ত সংবাদ প্রেরণের জন্য দৈনিক ইনকিলাবের ময়মনসিংহ জেলা সংবাদদাতা মোহাম্মদ শামসুল আলম খানকে টেলিফোনে প্রাণনাশের হুমকি দিয়েছে।